

সংবাদ বিজ্ঞপ্তি

কর্পোরেট সুশাসনে শ্রেষ্ঠত্বের জন্য পুরস্কৃত হলো সামিট পাওয়ার লিমিটেড

ছবি ক্যাপশন: সামিট পাওয়ারের পক্ষ থেকে ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ, মাননীয় বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি-এর নিকট থেকে ৭ম আইসিএসবি ন্যাশনাল কর্পোরেট গভর্ন্যান্স এক্সিলেন্স ২০১৯ -এর ট্রফিটি গ্রহণ করেন।

(ঢাকা) ২৩শে জানুয়ারি ২০২০, শনিবার: সামিট পাওয়ার লিমিটেড, ৭ম আইসিএসবি ন্যাশনাল কর্পোরেট গভর্ন্যান্স এক্সিলেন্স ২০১৯ অ্যাওয়ার্ডে পুরস্কৃত হলো। রাজধানীর রেডিসন ব্লু ওয়াটার গার্ডেনের বল রুমে এই পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজিত হয়। সামিট পাওয়ারের পক্ষ থেকে ম্যানেজিং ডিরেক্টর লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ, মাননীয় বাণিজ্য মন্ত্রী টিপু মুনশি, এমপি-এর নিকট থেকে এই কর্পোরেট গভর্ন্যান্স এক্সিলেন্সের ট্রফিটি গ্রহণ করেন। এর মধ্য দিয়ে সামিট পাওয়ার লিমিটেড, এই স্বীকৃতি ৬ষ্ঠ বারের মতো অর্জন করলো।

সামিট পাওয়ারের এই পুরস্কার প্রাপ্তিতে সামিট গ্রুপের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান বলেন, “সুশাসনই একমাত্র উপায় টেকসই উন্নয়নের জন্যে আর তাই সামিট সবসময় সর্বোচ্চ কর্পোরেট সুশাসন সমর্থন করে যেন দেশ আরো সার্বিক সুশাসন ও প্রবৃদ্ধির দিকে এগিয়ে যেতে পারে।”

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ জাফর উদ্দীন, সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, চেয়ারম্যান, বিএসইসি। অনুষ্ঠানে উল্লেখ্য অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মোহাম্মদ সানাউল্লাহ এফসিএস, চেয়ারম্যান সিজি কমিটি, আইসিএসবি, মুজাফ্ফর আহমেদ এফএমএ,এফসিএস, সভাপতি, আইসিএসবি এবং সামিট গ্রুপের পরিচালক সালমান খান প্রমুখ।

সংক্ষেপে সামিট পাওয়ার লিমিটেড:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় ট্রিপল ‘এ’ রেটিং প্রাপ্ত এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রতিষ্ঠান। এটি সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান। সামিট বর্তমানে জাতীয় গ্রীডের জন্য ১,৯৪১ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন করছে। সামিট পাওয়ার লিমিটেড ২০০৫ সালে ঢাকা এবং চট্টগ্রাম উভয় স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ দিয়ে আসছে। সামিট গ্রুপ বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সালে থেকে টানা পাঁচবার সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের পুরস্কার পেয়ে আসছে।

বিস্তারিত জানতে ভিজিট করুন www.summitpowerinternational.com/SPL, অথবা অনুসরণ করুন ফেইসবুক, লিংকডইন, টুইটার।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান | ইমেইল: mohsena.hassan@summit-centre.com | মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫